

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৩৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬. তৃতীয় অনুচ্ছেদ - নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ ও তার মর্যাদা

আরবী

وَعَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: إِنَّ الدُّعَاءَ مَوْقُوفٌ بَيْنَ السَّمَاءِ وَالْأَرْضِ لَا يَصْعَدُ مِنْهُ شَيْءٌ حَتَّى تُصلِّيَ عَلَى نبيك. رَوَاهُ التِّرْمِذِيِّ

বাংলা

৯৩৮-[২০] 'উমার ইবনুল খাত্ত্বাব (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, দু'আ আসমান ও জমিনের মধ্যে লটকিয়ে থাকে। এর থেকে কিছুই উপরে উঠে না যতক্ষণ পর্যন্ত তোমরা তোমাদের নবীর ওপর দরূদ না পাঠাও। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : তিরমিয়ী ৪৮৬, সহীহ আত্ তারগীব ১৬৭৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটি তাদের মতকে আরো শক্তিশালী করে যারা বলে শেষ বৈঠকে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ করা ওয়াজিব।

হাফিয ইবনু হাজার (রহঃ) বলেন, হাদীসটির সমর্থনে মারফূ' হাদীস রয়েছে।

ইতিপূর্বে বর্ণিত 'আবদুল্লাহ ইবনু মাস্'ঊদ (রাঃ)-এর হাদীস- "যে ব্যক্তি তাশাহুদ পড়বে, তারপরে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর ওপর দর্মদ পাঠ করবে, অতঃপর নিজের জন্য দু'আ করবে।"

দরূদ শেষে দু'আ ও সালাত শেষ বা পরিসমাপ্তির পদ্ধতি।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন